শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
ISO 9001:2015 CERTIFIED

# কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

## মুকসেদপুর, কিশোরগঞ্জ।

সদর দপ্তর- মানব সম্পদ বিভাগ
ফোন-০৯৪১-৬২৯৩৭, ৬২০২৫
ই-মেইল- kishpbs@yahoo.com
ওয়েব সাইট- www.pbs.kishoreganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৪৮৪৯.৫৩৪.০২.০০৮.২২.১২০৮

তারিখ ২৪ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০৮/০৮/২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নে উল্লিখিত পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্তে আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক মূল বেতন ও অন্যান্য ভাতা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০৪ টি (কম/বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ থেকে ৪৬,২৪০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা ও সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি। | ক) এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ (৫.০০ এর মধ্যে) অথবা সমমান থাকতে হবে।<br>খ) বাংলা ও ইংরেজী প্রতি মিনিটে যথাক্রমে ১০ ও ৩০ টি শব্দ লিখতে সক্ষম হতে হবে।<br>গ) প্রার্থীকে কম্পিউটারের উপর পর্যাপ্ত জ্ঞান এবং কম্পিউটার অপারেটিং সিস্টেম পরিচালনায় দক্ষতা সম্পন্ন হতে হবে এবং নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃপক্ষ কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।<br>ঘ) নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে কিশোরগঞ্জ পবিসের অনুকূলে ২০,০০০.০০(বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি জমা দিতে হবে যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে।<br>ঙ) উত্তম পারিবারিক ঐতিহ্য ও আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। |
| ০২ | ড্রাইভার (পুরুষ) | ০২ টি (কম/বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০.০০ থেকে ৪১,৯৫০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা ও সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি। | ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও ন্যূনতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, দিক নির্দেশ পরিচালনা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন এবং সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে।<br>খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত (হালকা) বৈধ ড্রাইভিং লাইসেন্স (স্মার্ট কার্ড) থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।<br>গ) প্রার্থীকে যে কোন সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত/ বৃহৎশিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লিখিত প্রতিষ্ঠান সমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসেবে গণ্য হবে। পরিচ্ছন্ন ড্রাইভিং রেকর্ড থাকতে হবে বিগত ০৩ (তিন) বছরের মধ্যে বড় ধরণের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে।<br>ঘ) লিখিত ও মৌখিক পরীক্ষায় ছোট ধরণের ইঞ্জিন রিপিয়ারিং, টিউন আপ,সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>ঙ) প্রার্থীকে গাড়ী চালনা পরীক্ষায় পবিস/বিআরইবি এর প্রতিনিধির উপস্থিতিতে উত্তীর্ণ হতে হবে।<br>চ) পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষাসহ দৃষ্টিশক্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৩ | অফিস সহায়ক | ০৪ টি (কম/বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৫,৫০০.০০ থেকে ৩৯,১৭০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা ও সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি। | ক) এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ,বিশ্বস্ত,কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠামদেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>ঘ) প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান প্রদান ও পরিষ্কার পরিচ্ছন্নতা কাজে পারদর্শী হতে হবে।<br>স্মারক নং-২৭.১২.৪৮৪৯.৫৩৪.০২.০০৮.১৯.৬১৭, তারিখঃ ১৯/১২/২০১২ ইং নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে অফিস সহায়ক পদে ইতিপূর্বে আবেদনকারীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তাদের পূর্বের আবেদনই বহাল থাকবে। |

**শর্তাবলী:**

১. আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট (www.reb.gov.bd) অথবা কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www.pbs.kishoreganj.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A 4 সাইজের কাগজে ডাউনলোড করত: নিজ হাতে পূরণ করে আগামী ১৫-০৯-২০২২ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে ও অনলাইনেও https://forms.gle/3fCwrc2nDvpHYK2D7 ঠিকানায় আবেদনের তথ্য পূরণ করতে হবে। উল্লেখ্য যে, সাদা কাগজে কম্পোজকৃত কোন আবেদনপত্র গ্রহণ করা হবেনা।অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদন

পত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশপ্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

২. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে জেনারেল ম্যানেজার,কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকুলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০/=(একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে এবং ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্ব সনদপত্রসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি (নাম ও পদবীর সীলসহ ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৩. ১৫-০৯-২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য এক্ষেত্রে আবেদন পত্রের সাথে প্রমাণকস্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক)সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। ড্রাইভার পদের ক্ষেত্রে প্রার্থীর বয়স ১৮ হতে ৪৫ বৎসরের মধ্যে হতে হবে । তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৪৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য । বয়সের প্রমানক হিসাবে এসএসসি সনদ বিবেচিত হবে।

৪. প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। নির্বাচিত প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য **"অন-প্রবেশনে"** নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে পবিসের নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা হবে।

৫. কিশোরগঞ্জ পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। এছাড়া কিশোরগঞ্জ পবিস এর ভৌগোলিক এলাকার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৬ .প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে চাকুরীচ্যুত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. **জেলা কোটার প্রাপ্যতা না থাকায় গাজীপুর, জামালপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নরসিংদী, নেত্রকোণা, শেরপুর, টাঙ্গাইল, পাবনা, পঞ্চগড় জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।**

৮. বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরন হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

৯. প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১০. ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী এমন কারও উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।

১১. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১২. অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১৩. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮/৮/22

(মোহাঃ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য)

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫)জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ
৬)পুলিশ সুপার, কিশোরগঞ্জ
৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস
৮) ডিজিএম, (নান্দাইল/কটিয়াদী/হোসেনপুর/করিমগঞ্জ/মিঠামইন/তাড়াইল/পাকুন্দিয়া জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরী), কিশোরগঞ্জ পবিস
৯) এজিএম, সদর দপ্তর ও সাব জোনাল অফিস, কিশোরগঞ্জ পবিস
১০) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার/জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, কিশোরগঞ্জ পবিস (ওয়েবসাইটে আপলোড করবেন)
১১) অফিস কপি/মাস্টার কপি

৮/৮/22

(মোহাঃ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার